

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৫/২০১৭

তারিখঃ ১২/০২/২০১৭খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পরিচালক (ট্রাফিক) এর দপ্তর নং-টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/৭৬১(চ), তারিখ ০৫-০২-২০১৭ ইং। সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর  
[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

নং টি এম/এফসিএল/দ্রুত ডেলিভারী/৭৬১(চ),  
বরাবর  
সভাপতি,  
চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন,  
সি এন্ড এফ টাওয়ার, শেখ মুজিব রোড,  
আখাবাদ, চট্টগ্রাম।

তারিখ ০৫-০২-২০১৭ ইং

বিষয়ঃ- আমদানীকারকগণ কর্তৃক চট্টগ্রাম বন্দর থেকে এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন জাহাজে করে আমদানীকারদের অনুকূলে চট্টগ্রাম বন্দরে যে পরিমাণ এফসিএল কন্টেইনার আসছে সে অনুযায়ী কন্টেইনার ডেলিভারী হচ্ছে না। ফলে বন্দরে এফসিএল কন্টেইনারের সংখ্যা বেড়ে যাচ্ছে। অদ্য চট্টগ্রাম বন্দরে ২৪,১০৫ টিইইউএস এফসিএল কন্টেইনার ধারণ ক্ষমতার স্থলে ৩২,০৪৮ টিইইউএস কন্টেইনার আছে। অর্থাৎ ধারণক্ষমতার অতিরিক্ত ৭,৯৪৩ টিইইউএস এফসিএল কন্টেইনার আছে। নির্ধারিত সময়ের মধ্যে জাহাজ সেইল করার স্বার্থে অতিরিক্ত এ সকল কন্টেইনার স্লটের বাইরে, ডেলিভারী এলাকা এমনকি রাস্তার পাশে সংরক্ষণ করতে হচ্ছে। ফলে স্বাভাবিক কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রম চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। বর্তমানে আমদানীকৃত এফসিএল কন্টেইনারের উপর দ্বিগুণ হারে স্টোর রেন্ট চলমান রয়েছে। তথাপি পরিস্থিতির কোন উন্নতি হচ্ছে না। আমদানীকারকগণ যথাসময়ে বন্দর থেকে এফসিএল কন্টেইনার ডেলিভারী না নিলে ভবিষ্যতে এ অবস্থার আরো অবনতি হতে পারে।

এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দরের অপারেশনার কার্যক্রম নিরবিঘ্ন রাখার স্বার্থে বন্দর থেকে এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নিয়ে যাওয়ার জন্য আপনাদের পক্ষ থেকে আমদানীকারকগণকে তাগাদা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল। উল্লেখ্য আপনাদের দাবী মোতাবেক এফসিএল কন্টেইনারের উপর দ্বিগুণ হারে আরোপিত রেন্ট প্রত্যাহার করার জন্য বন্দর অভ্যন্তরে এফসিএল কন্টেইনারের পরিমাণ গ্রহণযোগ্য পর্যায়ে নেমে আসা অত্যন্ত জরুরী। এব্যাপারে আপনাদের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-  
পরিচালক (ট্রাফিক)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ